# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৪১) শাওয়ালের ছয়টি সাওম রাখার জন্য কি ইচ্ছামত দিন নির্ধারণ করা জায়েয? নাকি তার জন্য কোনো সময় নির্দিষ্ট করা আছে? এ দিনগুলো সাওম রাখলে কি উহা ফরযের মত হয়ে যাবে এবং প্রতি বছর আবশ্যিকভাবে সাওম পালন করতে হবে?

উত্তর: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সহীহ সূত্রে প্রমাণিত হয়েছে তিনি বলেন,

«مَنْ صَامَ رَمَضَانَ ثُمَّ أَتْبَعَهُ بِسِتٍّ مِنْ شَوَّالٍ فَكَأَنَّمَا صَامَ الدَّهْرَ»

“যে ব্যক্তি রামাযানের সাওম রাখার পর শওয়াল মাসে ছয়টি সাওম রাখবে, সে সারা বছর সাওম রাখার প্রতিদান লাভ করবে।”[1] এ ছয়টি সাওমের জন্য কোনো দিন নির্দিষ্ট করা নেই। মাসের যে কোনো সময় সাওমগুলো রাখা যায়। চাই মাসের প্রথম দিকে হোক বা মধ্যখানে বা শেষের দিকে। লাগাতার হোক বা ভেঙ্গে ভেঙ্গে হোক- সবই জায়েয। বিষয়টি প্রশস্ত- সুযোগ সম্পন্ন (আল-হামদুল্লিাহ)। তবে রামাযান শেষ হওয়ার পর পরই মাসের প্রথম দিকে দ্রুত করে নেওয়া বেশি উত্তম। কেননা এতে নেক কাজে প্রতিযোগিতা করা হলো, যা কাম্য।

কোন বছর এ সিয়াম পালন করবে কোনো বছর করবে না তাতে কোনো অসুবিধা নেই। কেননা এ সিয়াম নফল ফরয নয়।

## ফুটনোট

[1] সহীহ মুসলিম, অধ্যায়: সিয়াম, অনুচ্ছেদ: শাওয়ালের ছয়টি সিয়াম রাখা মুস্তাহাব

Source — https://www.hadithbd.com/books/link/?id=1115

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন